



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নম্বর- ১৭.০০.০০০০.০৮৩.২৭.০০১.২৩-০৯

তারিখঃ ০৯ মাঘ ১৪৩০
২৬ জানুয়ারি ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম (১০৭০৫০১২), পরিচালক (প্রশিক্ষণ), নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা (প্রাক্তনঃ আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী) জাতীয় সংসদ ৩৩ গাইবান্ধা-০৫ শূন্য আসনের নির্বাচন-২০২২ এর রিটার্নিং অফিসার অফিসার হিসেবে নিযুক্ত ছিলেন;

যেহেতু, গত ১২ অক্টোবর ২০২২ তারিখে জাতীয় সংসদ ৩৩ গাইবান্ধা-০৫ শূন্য আসনের নির্বাচনে ভোট গ্রহণ চলাকালে সিসি ক্যামেরার লাইভ ফুটেজে ভোট কেন্দ্রে ব্যাপক অনিয়ম দৃষ্টে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক উক্ত নির্বাচনি এলাকার ভোট গ্রহণ বন্ধ ঘোষণা করা হয়;

যেহেতু, রিটার্নিং অফিসার হিসাবে নির্বাচন পরিচালনার সার্বিক দায়িত্ব তার ওপর অর্পিত থাকা সত্ত্বেও নির্বাচনি অনিয়ম সংঘটিত হওয়ায় দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ধারা ৫ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং- ০২/২০২৩ রুজু করা হয়;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামায় তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে নির্ধারিত সময়সীমায় তিনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করায় ১৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে তার শুনানি গ্রহণ করা হয়;


যেহেতু, কারণ দর্শানোর জবাবে এবং ব্যক্তিগত শুনানিতে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা অস্বীকার করতঃ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার মৌখিক ও লিখিত বক্তব্য পর্যালোচনান্তে ন্যায় বিচারের স্বার্থে মামলাটি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেছেন;

সেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম (১০৭০৫০১২), পরিচালক (প্রশিক্ষণ), নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা (প্রাক্তনঃ আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী) এর বিরুদ্ধে আনীত “অসদাচরণ” এর অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ক) অনুযায়ী তাকে বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরো সতর্কতা অবলম্বনের নির্দেশ প্রদান করা হলো। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০২/২০২৩ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মোঃ জাহাঙ্গীর আলম
সচিব

স্মারক নম্বর- ১৭.০০.০০০০.০৮৩.২৭.০০১.২৩-০৯

তারিখঃ ০৯ মাঘ ১৪৩০
২৬ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

০২। মহাপরিচালক (প্রডে-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

০৩। যুগ্ম-সচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

(১/২)

অফিসের ঠিকানা :

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ :

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল : secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস : www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

- ০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,.....(সকল)
০৭। উপসচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। জনাব মোঃ সাইফুল ইসলাম (১০৭০৫০১২), পরিচালক (প্রশিক্ষণ), নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা (প্রাক্তনঃ আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী)
০৯। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার,(সকল)
১০। উপসচিব (চ.দা) (হিসাব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]
১২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
১৩। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৪-১৭। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [জনাব মোঃ সাইফুল ইসলাম (১০৭০৫০১২), পরিচালক (প্রশিক্ষণ), নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা (প্রাক্তনঃ আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী) এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ]

২৩.১১.১৫

মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮
ইমেইল: sas_dis@ecs.gov.bd